



‘বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস’ এ্যাওয়ার্ড পেলো বাংলাদেশ



প্রথমবারের মত বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস’ এ্যাওয়ার্ড পেলো বাংলাদেশ। আমাদের দেশে ডাউন সিন্ড্রোম ব্যক্তি, ডাউন সিন্ড্রোম ব্যক্তির সাথে যাদের বসবাস এবং কর্মরত তাদের কর্তৃপক্ষের জোরালো করতে বিশেষ অবদান রাখায় ডাউন সিন্ড্রোম সোসাইটি অব বাংলাদেশ-এর চেয়ারম্যান সরদার এ. রাজ্জাক এই এ্যাওয়ার্ড পেলেন। যিনি একই সাথে একজন ডাউন সিন্ড্রোম সন্তানের পিতা। ২১ শে মার্চ, বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবসকে সামনে রেখে এই এ্যাওয়ার্ড দিচ্ছে ডাউন সিন্ড্রোম ইন্টারন্যাশনাল, ইউকে। এ বছরের জুলাই মাসে ক্ষটল্যাঙ্গে অনুষ্ঠিত ১৩তম বিশ্ব ডাউন সিন্ড্রোম কংগ্রেসে অনুষ্ঠানিক ভাবে এই এ্যাওয়ার্ড প্রদান করা হবে।

বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবসে সাধারণত ব্যক্তি অথবা সংস্থাকে ভলান্টারী, প্রোফেশনাল অথবা গবেষণা (সাইন্টিফিক) কর্মকাণ্ডের মাধ্যমে ডাউন সিন্ড্রোম ব্যক্তিদের স্বনির্ভর ও জীবনযাত্রার মান উন্নয়ন এবং সমাজের মূলধারায় অর্তভূক্ত করার লক্ষ্যে অবদান রাখার ক্ষেত্রে এই এ্যাওয়ার্ডটি প্রদান করা হয়।

এ বছর ভলান্টারী ও প্রফেশনাল ক্যাটাগরীতে আমেরিকা ও ইন্ডিয়া থেকে ২জন ডাউন সিন্ড্রোম ব্যক্তি সেলফ এডভোকেট হিসাবে পুরস্কারে ভূষিত হয়েছেন। এই একই ক্যাটাগরীতে ভলান্টারী ও প্রফেশনাল ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্যে বাংলাদেশ থেকে ১ জন এবং আলবেনিয়া থেকে ৩ জন ও সায়েন্টিফিক ক্যাটাগরীতে

অষ্ট্রেলিয়া এবং ক্ষটল্যাঙ্গ থেকে ২ জনকে এই এ্যাওয়ার্ডে ভূষিত করা হয়।

সবদার এ. রাজ্জাক গত ২১শে মার্চ ২০১৪ সালে বিশ্বে ৯ম এবং বাংলাদেশে প্রথমবারের মত ‘বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস’ উদযাপনে অঞ্চলী ভূমিকা পালন করেন। এই দিবস উদযাপনের মধ্য দিয়ে দেশ জুড়ে ডাউন সিন্ড্রোম শিশুর পিতামাতাদের কাছ থেকে অভূতপূর্ব সাড়া পাওয়া যায়। এরই ধারারাহিকতায় তিনি ডাউন সিন্ড্রোম পিতামাতা অভিভাবক ও ডাউন সিন্ড্রোম শিশু ও ব্যক্তিদের নিয়ে ‘ডাউন সিন্ড্রোম প্যারেটস সাপোর্ট ছ্রপ বাংলাদেশ’ নামে একটি প্ল্যাটফর্ম গড়ে তোলেন। এই কর্মকাণ্ডকে প্রতিষ্ঠানিক রূপ দেয়ার লক্ষ্যে প্রবর্তীতে তিনি ডাউন সিন্ড্রোম সোসাইটি অব বাংলাদেশ প্রতিষ্ঠা করেন। এই কর্মকাণ্ডের মধ্যদিয়ে তিনি বাংলাদেশকে যুক্ত করেছেন বিশের সুবিস্তৃত ডাউন সিন্ড্রোম কমিউনিটির সাথে। এই প্রচেষ্টাকে স্বীকৃতি জানিয়ে ডাউন সিন্ড্রোম ইন্টারন্যাশনাল বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস এ্যাওয়ার্ডে তাকে ভূষিত করলেন।

এদিকে বাংলাদেশ থেকে প্রথম বারের মত বিশ্ব ডাউন সিন্ড্রোম দিবস এ্যাওয়ার্ড অর্জন করায় ডাউন সিন্ড্রোম সোসাইটি অব বাংলাদেশ-এর চেয়ারম্যান সরদার এ. রাজ্জাককে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যোগাযোগ বৈকল্য বিভাগের পক্ষ থেকে গত ২১শে মার্চ, ২০১৭ তারিখে বিশেষ সম্মাননা জানানো হয়।